দৈনিক ইনকিলাব

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 07 FEB 1989
পৃষ্ঠা ১০ কলাম ৭

32

# ছাত্র সংগঠন

**সরকারী শহীদ সোহরাওয়ার্দী মহাবিদ্যালয়**

সরকারী শহীদ সোহরাওয়ার্দী কলেজ ছাত্র সংসদ কার্যালয়ে ছাত্র সংসদের সাধারণ সম্পাদক মোঃ শাহাদত হোসেন মুন্নার সভাপতিত্বে এক সভায় এলাকার সুষ্ঠু পরিবেশ এবং শিক্ষাঙ্গনে শিক্ষার পরিবেশ বজায় রাখার লক্ষ্যে সর্বস্তরের জনগণকে সহযোগিতার জন্য আহ্বান জানানো হয়। সভায় প্রধান অতিথি ছিলেন পৌর উপ-প্রশাসক জনাব সামসুজ্জামান মিন্টু।

**বাংলাদেশ সরকারী বাণিজ্যিক মহাবিদ্যালয় ছাত্র পরিষদ**

বাংলাদেশ সরকারী বাণিজ্যিক মহাবিদ্যালয় ছাত্র পরিষদের সকল আঞ্চলিক কমিটির সর্বসম্মতিক্রমে জনাব মোঃ সাহাবউদ্দিন (মুন্না)-কে সভাপতি ও জনাব মোঃ নূরুল ইসলাম (নূরু)-কে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ৩১ সদস্য বিশিষ্ট একটি কেন্দ্রীয় কমিটি গঠন করা হয়েছে।

**বাংলাদেশ মুসলিম যুব সংঘ**

বাংলাদেশ মুসলিম যুব সংঘের ছাত্র শাখার উদ্যোগে গত ২৯ জানুয়ারী সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ছাত্র প্রতিনিধিদের এক সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সভাপতি ছিলেন বাংলাদেশ মুসলিম যুব সংঘের ছাত্র বিষয়ক সম্পাদক জনাব হেলাল উদ্দিন এবং প্রধান অতিথি ছিলেন প্রিন্সিপাল আশরাফ ফারুকী।

**বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির**

বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের কর্মী, বাংলা কলেজের বিএ প্রথম বর্ষের ছাত্র মোঃ ফারুক হোসেন সম্প্রতি মীরপুর টেকনিক্যাল ট্রেনিং সেন্টারের সামনে ট্রাকের নীচে চাপা পড়ে নিহত হয়েছেন। তার অকাল মৃত্যুতে ছাত্র শিবির কেন্দ্রীয় সভাপতি জনাব শামসুল ইসলাম গভীর শোক প্রকাশ করেছেন এবং শোক-সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

**বাংলাদেশ ইসলামী ছাত্র সমাজ**

বাংলাদেশ ইসলামী ছাত্র সমাজের কেন্দ্রীয় সভাপতি শেখ লোকমান হোসেন ও সহ-সভপাতি আবদুল খালেক নিজামী এক যুক্ত বিবৃতিতে শিবিরের নির্বাচনী মিছিলে হামলার তীব্র নিন্দা জ্ঞাপন করেছেন। নেতৃবৃন্দ ব্যালটের মাধ্যমে সন্ত্রাস সৃষ্টিকারীদের প্রত্যাখ্যানের আহবান জানিয়েছেন।

**বাংলাদেশ ইউনানী মেডিক্যাল কলেজ ছাত্র পরিষদ**

বাংলাদেশ ইউনানী মেডিক্যাল ছাত্র পরিষদের কেন্দ্রীয় সভাপতি জনাব কে, এম, আবদুস সোবাহানের নেতৃত্বে ইউনানী মেডিক্যাল ছাত্র পরিষদের ৭ সদস্যের এক প্রতিনিধি দল অল ইণ্ডিয়া ইউনানী তিব্বি কনফারেন্সে যোগদানের উদ্দেশ্যে সম্প্রতি ঢাকা ত্যাগ করেন। কনফারেন্সে বাংলাদেশের আরো ১৩ জন বিশিষ্ট হাকিম অংশগ্রহণ করছেন।

**জাতীয় ছাত্র দল**

জাতীয় ছাত্র দলের কেন্দ্রীয় সংসদ নার্স ধর্মঘট নিষিদ্ধ করা এবং নার্সদের আন্দোলন সম্পর্কে প্রেসনোটের প্রতিবাদ জানায়। তারা জানায়, মানব সেবায় নিয়োজিত মহান এবং দায়িত্বশীল পেশার সাথে জড়িত নার্সদের ১১ দফা দাবী অত্যন্ত যুক্তিযুক্ত ও ন্যায়সঙ্গত।